



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/২০১৮/

তারিখ: ২৫ ফেব্রুয়ারি, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৫ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ কেমিকেল ইঞ্জিনিয়ারিং এন্ড পলিমার সায়েন্স (সিইপি) বিভাগে ২ দিন ব্যাপি অনুষ্ঠিত Seminar on Professional Development of Teachers এর সমাপনি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

সেমিনারে অংশগ্রহনকারী শিক্ষকদের ধন্যবাদ জানিয়ে প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর বলেন, শিক্ষকদের প্রতিনিয়ত নতুন জ্ঞান অন্বেষণ করতে হয় এবং নতুন নতুন চ্যালেঞ্জের সম্মুখীন হতে হয়। এজন্য আজকের এই আয়োজন সহায়ক ভূমিকা পালন করবে। তিনি এই বিশ্ববিদ্যালয়ে অতি শীঘ্র একটি আধুনিক শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপিত হবে বলে জানান।

প্রফেসর ড. তমিজ উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিইপি বিভাগের প্রফেসর ড. মো. অখতারুল ইসলাম, প্রফেসর ড. মোহাম্মদ মস্তাবুর রহমান ও প্রফেসর ড. মো. আবু ইউসুফ। দুইব্যাপী সেমিনারে প্রশিক্ষক ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহের গ্র্যাজুয়েট ট্রেনিং ইনস্টিটিউটের প্রফেসর ড. মোজাহর আলী।

অনুষ্ঠান সঞ্চালনা করেন সিইপি বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ সাইফুল আলম আমীন।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার